

মৃতদেহ উদ্ধারের পর পূর্ব খোল্টায় ভিড়। -সংবাদচিত্র

# তরুণীর দেহ মিলল কালজানিতে

**প্রণব সূত্রধর**

**আলিপুরদুয়ার, ৬ অগাস্ট :** ঘটনার প্রায় দু'দিন পর খোঁজ মিলল অনুশীলা তালুকদারের। তাঁর দেহ মিলল পাশের জেলা কোচবিহারের পূর্ব খোল্টায়। সেই জায়গা আলিপুরদুয়ার শহর থেকে প্রায় ১২ কিলোমিটার দূরে।

বুধবার দুপুরে পূর্ব খোল্টায় এক তরুণীর দেহ কালজানি নদীর জলে ভেসে যেতে দেখেন স্থানীয়রা। এলাকারই এক তরুণ নদীতে নেমে সেই দেহটি উদ্ধার করে নদীর পাড়ে নিয়ে আসেন। তারপর পুলিশকে খবর দেন স্থানীয়রা। পরে ওই তরুণীর বাবাকে নিয়ে পুলিশ ও প্রশাসনের কর্তারা ঘটনাস্থলে যান। সেখানে পোশাক দেখে মৃতদেহ শনাক্ত করা হয়। মৃতদেহ উদ্ধার করে আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে পাঠানো হয়। বিকেল হয়ে যাওয়ায় বৃহস্পতিবার মৃতদেহটির ময়নাতদন্ত করা হবে বলে পুলিশ সূত্রে খবর।

এদিন মৃতদেহ উদ্ধারের খবর পেয়ে বাড়ির লোকজন ও প্রতিবেশীরা কান্নায় ভেঙে পড়েন। আলিপুরদুয়ার থানার আইসি অনির্বাণ ভট্টাচার্য বলেন, 'পূর্ব খোল্টায় একটি মৃতদেহের খোঁজ মেলে। তারপরে বাড়ির লোকজন শনাক্ত করেন। মৃতদেহ উদ্ধার করে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে।'

মৃতদেহ ভেসে আসার খবর পাওয়ার পরেই পূর্ব খোল্টায় ভিড় জমে যায়। পুলিশ ও প্রশাসনের তরফে মৃতদেহ উদ্ধার করে নিয়ে যেতে অনেকটা সময় লেগে যায়। পূর্ব খোল্টার বাসিন্দা সুষেণ রায় নামে এক স্থানীয় বাসিন্দার কথায়, 'ওই মৃতদেহ নিয়ে হইহট্টগোলে দুপুরের খাওয়াদাওয়া হয়নি বেশিরভাগ বাসিন্দার।'

পূর্ব খোল্টা এলাকায় নদীর গা ঘেঁষেই রাস্তা। ফলে নদীর জলে মৃতদেহ ভেসে আসার দৃশ্য পথচলতিরাও দেখতে পেয়েছেন। তাই এদিন দুপুর থেকেই পূর্ব খোল্টায় ভিড় জমে ওঠে। মৃতদেহ যাতে বেশি দূর ভেসে যেতে না পারে তার জন্য নদীর কিনারে স্রোতহীন জায়গায় নিয়ে এসে রাখা হয়। খবর পেয়ে আলিপুরদুয়ার থেকে বিপর্যয় মোকাবিলা বাহিনীর কর্মী সহ জেলা প্রশাসনের লোকজন ও আলিপুরদুয়ার থানার পুলিশকর্মীরা সেখানে যান।

গত দু'দিন ধরে বিপর্যয় মোকাবিলা বাহিনী ও পুলিশের তরফে ওই তরুণীর খোঁজ করা হয়েছে। নদীতে বোট নামিয়ে তল্লাশি চলেছে। ডিমা নদী থেকে শুরু করে কালজানি নদীর বিভিন্ন জায়গাতে



> পূর্ব খোল্টায় একটি মৃতদেহের খোঁজ মেলে। তারপরে বাড়ির লোকজন শনাক্ত করেন। মৃতদেহ উদ্ধার করে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে।
>
> **অনির্বাণ ভট্টাচার্য** *আইসি আলিপুরদুয়ার থানা*

খোঁজ করা হয়েছে। এমনকি পূর্ব খোল্টা পর্যন্তও তল্লাশি চলেছে। কোনও লাভ হয়নি। গত দু'দিন বৃষ্টি হয়েছে। তাই নদীতে জল বেশি ছিল। বুধবার জল কমতেই মৃতদেহ ভেসে ওঠে বলে মনে করা হচ্ছে। এদিন নদীতে তেমন স্রোত ছিল না। এছাড়াও পূর্ব খোল্টার যেখান থেকে মৃতদেহ উদ্ধার করা হয়েছে, সেই জায়গা থেকে নদীর গতিপথ অনেকটা দূর পর্যন্ত দেখা যায়। তাই দেহটি সহজেই নজরে এসেছে।

সোমবার শিবপুজো করতে বাড়ি থেকে বেরিয়েছিলেন অনুশীলা। ষাঁড়কে ফল খাওয়াতে গিয়েছিলেন। দীর্ঘক্ষণ বাড়ি না ফেরায় খোঁজাখুঁজি শুরু হয়। তরুণীর বাবা অরবিন্দনগর সংলগ্ন ডিমা নদীর তীরে মেয়ের চপ্পল পড়ে থাকতে দেখতে পান। তারপর মেয়ে জলে পড়ে গিয়েছে বলে আশঙ্কা করছিলেন তিনি। সেই আশঙ্কাই সত্যি হল।

### যা ঘটেছে

- পূর্ব খোল্টায় এক তরুণীর দেহ কালজানি নদীর জলে ভেসে যেতে দেখেন স্থানীয়রা
- এলাকারই এক তরুণ নদীতে নেমে সেই দেহটি উদ্ধার করে নদীর পাড়ে নিয়ে আসেন
- তারপর পুলিশকে খবর দেন স্থানীয়রা
- ওই তরুণীর বাবাকে নিয়ে পুলিশ ও প্রশাসনের কর্তারা ঘটনাস্থলে যান
- সেখানে পোশাক দেখে মৃতদেহ শনাক্ত করা হয়

# ছোরা নিয়ে স্কুলে ২ নাবালক

**রামপ্রসাদ মোদক**

**রাজগঞ্জ, ৬ অগাস্ট :** সহপাঠীর সঙ্গে ঝগড়া। তার থেকে ঘটনা গড়ায় হাতাহাতির দিকে। তবে শারীরিক শক্তিতে না পেরে ওঠায়, 'শায়েস্তা' করতে অন্য উপায় খুঁজে নেয় অষ্টম শ্রেণির নাবালক পড়ুয়া। ডেকে আনে পাড়ার এক বন্ধুকে। তবে খালি হাতে নয়, ছোরা নিয়ে ওই দুজন ঢুকে পড়ে স্কুলে। খালপাড়া গ্রামের ওই দুই নাবালক একসময় সহপাঠী ছিল। কিন্তু ষষ্ঠ শ্রেণিতে সে লেখাপড়ার পাঠ চুকিয়ে দিয়েছে। তার বাবা ভিনরাজ্যে কাজ করেন। সেই সুযোগে সে এখন কার্যত বাড়ির 'বস'। এই রকম একজন বন্ধুকে ডেকে নিয়ে এসে বর্তমান সহপাঠীকে শায়েস্তা করতে চায় অষ্টম শ্রেণির ছাত্রটি। বরাতজোরে শিক্ষকদের নজরে পড়ে যায় তারা। দুই নাবালকের এমন কাণ্ডে অবাক স্কুল কর্তৃপক্ষ। ছোরা নিয়ে স্কুলে ঢোকা বহিরাগত ওই নাবালককে একটি ঘরে আটকে রেখে তাঁরা পুলিশে খবর দেন। খবর দেওয়া হয় দুই নাবালকের অভিভাবকদেরও।

ঘটনাস্থলে পৌঁছোয় কুকুরজান আউটপোস্টের পুলিশ। দুই নাবালককে উদ্ধার করে বিশদে জিজ্ঞাসাবাদ করতে গিয়ে উঠে আসে চাঞ্চল্যকর এই কাহিনী। কেন এমন চরম প্রতিহিংসার মানসিকতা দানা বাঁধল শিশুমনে? সবার অলক্ষে উদ্দেশ্য সফল করতে গেলে কী ভয়ানক পরিণতি হতে পারত- ভেবে শিউরে উঠছেন শিক্ষকরা।

অষ্টম শ্রেণির ছাত্রের বাবাকে এবং ষষ্ঠ শ্রেণিতে পড়াশোনা ছেড়ে দেওয়া নাবালকের অভিভাবক হিসেবে আসা তার জ্যাঠাকে ঘটনার গুরুত্ব বুঝিয়ে বলা হয়। এরপর ওই দুই নাবালকের অভিভাবক স্কুল কর্তৃপক্ষের কাছে মুচলেকা দিয়ে তাদেরকে বাড়ি নিয়ে যান।

স্কুলের শিক্ষক হাফিজুল হক বলেন, 'আমার ছাত্রজীবন এবং শিক্ষক জীবনে এরকম ঘটনার সাক্ষী কোনওদিন হইনি। ভাগ্যিস ছোরা নিয়ে স্কুলে ঢোকা ওই নাবালক আমাদের নজরে পড়ে যায়। না হলে বড় ধরনের বিপদ ঘটতে পারত। যেহেতু দুজনই নাবালক তাই অভিভাবকদের কাছ থেকে মুচলেকা নিয়ে ছেড়ে দেওয়া হয়েছে।'

## বিক্ষোভ

**কালচিনি, ৬ অগাস্ট :** মঙ্গলবার কোচবিহারে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর কনভয়ে হামলা ও বিজেপি বিধায়কদের গাড়ি ভাঙচুরের প্রতিবাদে বুধবার কালচিনি থানা ও হাসিমারা পুলিশ ফাঁড়িতে বিক্ষোভ দেখালেন বিজেপি সমর্থকরা। পরে তাঁরা ওসির সঙ্গে দেখা করে ঘটনার প্রতিবাদ জানান। বিজেপির কালচিনি বিধানসভার আহ্বায়ক অলোক মিত্র বলেন, 'এসব তৃণমূলের ষড়যন্ত্র। বিরোধী দলনেতাকেও সম্মান দেওয়া হচ্ছে না।' এদিন বিক্ষোভে অলোক মিত্র ছাড়াও বিটিডব্লিউইউ-এর সাধারণ সম্পাদক রাজেশ বারলা, বিজেপির ২ নম্বর মণ্ডল সভাপতি উত্তম লামা, ৩ নম্বর মণ্ডল সভাপতি রুদ্রকুমার মণ্ডল ও হাসিমারার কর্মসূচিতে ছিলেন দলের জেলা কমিটির সদস্য প্রদীপ কুজুর উপস্থিত ছিলেন।

## কেন্দ্রকে দোষারোপ ডিপিএসসি'র চেয়ারম্যানের

# মূল্যবৃদ্ধিতে টান মিড-ডে মিলে

**পিকাই দেবনাথ**

**কামাখ্যাগুড়ি, ৬ অগাস্ট :** মূল্যবৃদ্ধির বাজারে জিনিসপত্রের দাম ঊর্ধ্বমুখী। আর এতে একদিকে যেমন সংসার চালাতে মানুষের হিমসিম অবস্থা তেমনই টান পড়েছে মিড-ডে মিলের ভাঁড়ারেও। এমন অবস্থায় রাজ্যের স্কুলগুলিতে পড়ুয়াদের মিড-ডে মিলের জন্য বরাদ্দ টাকা পর্যাপ্ত নয় বলেই জানাচ্ছে বিভিন্ন স্কুল কর্তৃপক্ষ। বর্তমানে প্রাকপ্রাথমিক থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিশুদের জন্য মিড-ডে মিল বাবদ মাথাপিছু ৬ টাকা ৭৮ পয়সা বরাদ্দ করা হয়। এই মাথাপিছু বরাদ্দের টাকায় রান্নার গ্যাস থেকে শুরু করে দৈনন্দিন খাবারের জন্য চাল ও বাকি সমস্ত উপকরণ কিনতে হয়। ডাল, সবজি, ডিম, পেঁয়াজ, তেল, নুন ও মশলা এই টাকা থেকে কেনা হয়। তবে সাম্প্রতিক পরিস্থিতিতে শিক্ষক ও শিক্ষাকর্মীদের সংগঠনগুলি জানাচ্ছে, মিড-ডে মিলের জন্য বরাদ্দ টাকা অপ্রতুল।

বাজারে খোঁজ নিলেই দেখা যাচ্ছে এখন একটা ডিমের দাম প্রায় সাত টাকা, তেলের দাম ১৬৫ থেকে ১৭০ টাকা লিটার, ডাল ১২০ টাকা কেজি, পেঁয়াজ ৩০ টাকা এবং লংকা প্রায় ১০০ টাকা কেজি। এদিকে সবজির দামও আকাশছোঁয়া। জ্বালানি খরচও অনেকটাই বেশি।



মিড-ডে মিলে রোজকার ছবি।

এই অবস্থায় স্কুলগুলিতে মিড-ডে মিলের হেঁশেল ঠেলতে কার্যত নাজেহাল হতে হচ্ছে। বিভিন্ন স্কুলের প্রধান শিক্ষকদের এনিয়ে জেরবার হতে হচ্ছে। বিষয়টি নিয়ে আলিপুরদুয়ার ষষ্ঠ মণ্ডলের চেপানি ২ নম্বর বিএফপি স্কুলের প্রধান শিক্ষক অরবিন্দ দেবনাথ বলেন, 'আমরা ভালোভাবেই মিড-ডে মিল চালানোর চেষ্টা করি। তবে মূল্যবৃদ্ধির জন্য ভালো ভালো পদ যেমন ডিম অথবা মাংস খাওয়ানো সবসময় সম্ভব হচ্ছে না। একদিন ভালো কিছু খাওয়ালে পরের দিন ভাঁড়ারে টান পড়ছে।' অন্যদিকে বিএফপি স্কুলে প্রতি মাসে জ্বালানি খরচ বাবদ প্রায় ১৭০০ টাকা খরচ হয় বলে অরবিন্দ জানান। কিছু ক্ষেত্রে ছাত্রছাত্রীদের জন্য শিক্ষক-শিক্ষিকাদের নিজেদেরও অর্থ খরচ করতে হয়। এদিকে কুমারগ্রামদুয়ার সার্কেলের কামাখ্যাগুড়ি-১ নম্বর আরআর প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত শিক্ষিকা সোমা কর্মকার জানান, মিড-ডে মিলের চার্ট অনুযায়ী সপ্তাহে একদিন ভালো পদ খাওয়ালে পরেরদিন পড়ুয়াদের সাধারণ মানের খাবার খাওয়াতে হচ্ছে।

এবিপিটিএ'র আলিপুরদুয়ার জেলা সম্পাদক তথা এক প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক প্রসেনজিৎ রায়ের কথায়, 'আকাশছোঁয়া মূল্যবৃদ্ধিতে প্রাকপ্রাথমিক থেকে পঞ্চম শ্রেণি অবধি বরাদ্দ মাথাপিছু ন্যূনতম দশ টাকা করা প্রয়োজন।' অখিল ভারতীয় রাষ্ট্রীয় শৈক্ষিক

> মূল্যবৃদ্ধিতে প্রাকপ্রাথমিক থেকে পঞ্চম শ্রেণি অবধি মিড-ডে মিলের বরাদ্দ মাথাপিছু ন্যূনতম দশ টাকা করা প্রয়োজন।
>
> **প্রসেনজিৎ রায়** *এবিপিটিএ'র আলিপুরদুয়ার জেলা সম্পাদক*

মহাসংঘের আলিপুরদুয়ার জেলা সম্পাদক পিরাজ কিরণও অবিলম্বে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের তরফে মিড-ডে মিলের টাকা বাড়ানো প্রয়োজন বলে জানিয়েছেন। পশ্চিমবঙ্গ তৃণমূল শিক্ষক সংগঠনের আলিপুরদুয়ার জেলা সভাপতি রত্নদ্বীপ ভট্টাচার্য মিড-ডে মিলে কম অর্থবরাদ্দের জন্য কেন্দ্রীয় সরকারের বঞ্চনানীতিকে দায়ী করলেন। আলিপুরদুয়ার ডিপিএসসি'র চেয়ারম্যান পরিতোষ বর্মনের বক্তব্য, 'মিড-ডে মিলের বরাদ্দ বাড়ানোর ক্ষেত্রে সমস্ত শিক্ষক সংগঠনের কেন্দ্রীয় সরকারের বঞ্চনানীতির বিরুদ্ধে সরব হওয়া উচিত। জেলার অধিকাংশ স্কুলে ভালোভাবেই মিড-ডে মিল চালানো হচ্ছে তবে বরাদ্দ কিছুটা বাড়লে স্কুলগুলোর খাওয়াদাওয়ার মান আরও উন্নত হবে। প্রান্তিক এলাকার ছাত্রছাত্রীরা আরও বেশি পুষ্টিকর খাবার পাবে।'



জটেশ্বর-দক্ষিণ দলগাঁও বেহাল রাস্তা। -সংবাদচিত্র

# বেহাল রাস্তা, নিখোঁজ ঠিকাদার

**শান্ত বর্মন**

**জটেশ্বর, ৬ অগাস্ট :** রাস্তা সংস্কারের জন্য অর্থবরাদ্দ করা হয়েছে। কিন্তু কাজ হচ্ছে না। এই দাবিতে জটেশ্বরে এক ঠিকাদারি সংস্থার বিরুদ্ধে অভিযোগ উঠল। তিন বছর আগে জটেশ্বরের সুকান্ত ভবন থেকে ব্যাংকান্দি হয়ে দক্ষিণ দলগাঁও বস্তি পর্যন্ত প্রায় দশ কিলোমিটার পাকা রাস্তার কাজ করেছিল প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার আওতাধীন ডব্লিউবিএসআরডিএ কর্তৃপক্ষ। সেইসময় নিম্নমানের সামগ্রী দিয়ে রাস্তা নির্মাণ সহ কাজে গড়িমসি করার অভিযোগ তুলে স্থানীয় মানুষ বিক্ষোভ দেখিয়েছিলেন।

রাস্তার বরাতপ্রাপ্ত ঠিকাদারি সংস্থার তরফে তখন নির্মাণের বিবরণী বোর্ডে উল্লেখ করা হয়েছিল যে রাস্তাটি তিন বছরের জন্য রক্ষণাবেক্ষণ করা হবে। স্থানীয়দের অভিযোগ, তৈরি হওয়ার এক বছরের মধ্যেই সেই রাস্তাটি ভেঙে যেতে শুরু করে। তা নিয়ে ঠিকাদারি সংস্থাকে একাধিকবার বলা হলেও কোনও সদুত্তর মেলেনি। এমনকি রাস্তার সংস্কারের জন্য অর্থবরাদ্দ থাকলেও সেই অর্থ দিয়ে কেন কাজ করা হচ্ছে না তা নিয়ে এলাকার বাসিন্দা ও পথচারীদের মধ্যে জল্পনা শুরু হয়েছে। দ্রুত সংস্কারকাজ শুরু না হলে এনিয়ে আন্দোলনে নামারও হুঁশিয়ারি দেওয়া হয়েছে। বিষয়টি নিয়ে জেলা পরিষদ কর্মাধ্যক্ষ মুক্ত দত্ত বলেন, 'আমি ওই রাস্তার ব্যাপারে জানি না। তবে গোটা বিষয়টি জেলা পরিষদের সভাধিপতিকে জানানো হবে।'

অন্যদিকে জেলা পরিষদের এগজিকিউটিভ ইঞ্জিনিয়ার চিন্ময় দাস ফোন না ধরায় তাঁর বক্তব্য মেলেনি। বর্তমানে ভাঙা রাস্তা দিয়ে টোটো, সাইকেল এবং বাইক যাতায়াতের সময় প্রায়শই দুর্ঘটনা ঘটছে বলে স্থানীয়রা জানাচ্ছেন। জটেশ্বর-১ গ্রাম পঞ্চায়েতের স্থানীয় বাসিন্দা সুদীপ রায়

> জটেশ্বর বাজার থেকে দক্ষিণ ধূলাগাঁও অবধি রাস্তা তিন বছরের জন্য রক্ষণাবেক্ষণ করার কথা ছিল। কিন্তু এক বছর যেতে না যেতেই এখন রাস্তার এই অবস্থা।
>
> **সুদীপ রায়** *জটেশ্বর-১ গ্রাম পঞ্চায়েতের বাসিন্দা*

এনিয়ে বলেন, 'জটেশ্বর বাজার থেকে দক্ষিণ ধূলাগাঁও অবধি রাস্তার কাজ তিন বছরের জন্য রক্ষণাবেক্ষণ করার কথা ছিল। কিন্তু এক বছর না যেতেই এখন রাস্তার এই অবস্থা।' ব্যাংকান্দির আরেক বাসিন্দা হরেশ্বর রায় বলেন, 'রাস্তা সংস্কারের জন্য ৩১ লক্ষ টাকা ধরা রয়েছে। তা সত্ত্বেও কেন কাজটি করা হচ্ছে না, তা আমরা বুঝতে পারছি না। তবে এভাবে আমাদের চলাচল করতে খুবই অসুবিধা হচ্ছে।'

# আদিবাসী দিবসের প্রস্তুতি

**রাজু সাহা**

**শামুকতলা, ৬ অগাস্ট :** বিশ্ব আদিবাসী দিবস উপলক্ষ্যে আলিপুরদুয়ার-২ ব্লকজুড়ে প্রস্তুতি শুরু হয়েছে। আগামী ৯ অগাস্ট বিশ্ব আদিবাসী দিবস। সরকারি এবং বেসরকারি উদ্যোগে আলিপুরদুয়ার-২ ব্লকের শামুকতলা গ্রাম পঞ্চায়েত এলাকায় দুটি অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে। পাশপাশি সারা ভারত সন্তান কল্যাণ ও সাংস্কৃতিক সংস্থা এই দিনটিকে উদযাপন করার ব্যাপারে তৎপর হয়ে উঠছে। ৯ তারিখ সরকারি উদ্যোগে শামুকতলা সিধো-কানহো কলেজের মাঠে তিনদিন ধরে নানা অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে। সারা ভারত সন্তান কল্যাণ ও সাংস্কৃতিক সংস্থার উদ্যোগে জিৎপুর জুনিয়ার হাইস্কুলের মাঠেও একদিনের অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে। এলাকার বিভিন্ন আদিবাসী সম্প্রদায়ের ছেলেমেয়েরা এই অনুষ্ঠানে অংশগ্রহণ করার জন্য নাচ-গান এবং খেলাধুলোর চর্চা শুরু করেছে। শামুকতলা গ্রাম পঞ্চায়েত এলাকার বানিয়াগাঁও, জিৎপুর, জয়পুর, সম্বলপুর, কদমপুর, পুখুরিয়া সহ বিভিন্ন গ্রামে এই নিয়ে প্রস্তুতি চলছে।

পাশাপাশি কোহিনুর, ধাওলাঝোরা, রায়ডাক, কার্তিকা সহ বিভিন্ন চা বাগানের শ্রমিকদের মধ্যেও এই উৎসব নিয়ে প্রস্তুতি

> আদিবাসী খেলোয়াড়দের নিয়ে বিভিন্ন খেলার আয়োজন করা হচ্ছে। চারটি দলের ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।
>
> **আমির সোহেল** *আদিবাসী কল্যাণ দপ্তরের আলিপুরদুয়ার-২ ব্লকের আধিকারিক*

চলছে। আদিবাসী নাচ, গান, কৃষ্টি ও সংস্কৃতিকে তুলে ধরা হবে এই উৎসবের মঞ্চে। আদিবাসী গুণীজনদের সংবর্ধনা জ্ঞাপন এবং আদিবাসীদের হাতে সরকারি বিভিন্ন প্রকল্পের সুবিধাও তুলে দেওয়া হবে এই উৎসবে। থাকবে খেলাধুলোর আয়োজন। ফুটবল টুর্নামেন্ট, তিরন্দাজি সহ নানারকম খেলার আয়োজন করা হচ্ছে। সারা ভারত সাঁওতাল কল্যাণ ও সাংস্কৃতিক সংস্থার সম্পাদক ললিত টুডু বলেন, 'রাষ্ট্রসংঘ ১৯৯৪ সাল থেকে বিশ্বব্যাপী পালন করে আসছে এ দিনটি।'

আদিবাসী কল্যাণ দপ্তরের আলিপুরদুয়ার-২ ব্লকের আধিকারিক আমির সোহেলের কথায়, 'আধিবাসী খেলোয়াড়দের নিয়ে বিভিন্ন খেলার আয়োজন করা হচ্ছে। চারটি দলের ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।' পাশাপাশি, আদিবাসীদের মধ্যে ক্রেতা সুরক্ষা, বাল্যবিবাহ সহ বিভিন্ন বিষয় নিয়ে সচেতনতামূলক কর্মসূচি নেওয়া হচ্ছে বলেও তিনি জানিয়েছেন। বিভিন্ন সরকারি প্রকল্পের সুবিধা, স্বাস্থ্য পরিষেবা এবং চক্ষু পরীক্ষা শিবির হবে। বিনামূল্যে চশমা বিতরণ এবং কৃষি দপ্তরের বিভিন্ন সরঞ্জাম দেওয়া হবে সেদিন। স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের তৈরি করা বিভিন্ন দ্রব্যের প্রদর্শনীও হবে। এলাকার সমস্ত আদিবাসীরা এই উৎসবে শামিল হবেন বলে জানিয়েছেন তিনি।




# হরিয়ানা থেকে তুফানগঞ্জে শ্রমিকরা

**সায়নদীপ ভট্টাচার্য**

**তুফানগঞ্জ, ৬ অগাস্ট :** মুখের ভাষা যে তাঁদের রুটিরুজি কেড়ে নেবে তা কোনওদিন কল্পনাও করতে পারেননি তুফানগঞ্জের অতুল, সুমন, মফিজুলরা। বিয়ের পর হরিয়ানায় স্বামী-স্ত্রীর উপার্জনে বেশ চলছিল তাঁদের সংসার। শুধুমাত্র বাংলা ভাষা বলায় তাঁদের জীবনে নেমে এল কালো মেঘের ছায়া। আতঙ্কে হরিয়ানা ছেড়েছেন তুফানগঞ্জ মহকুমার প্রায় দেড়শোজন পরিযায়ী শ্রমিক। নিজেরাই বাসভাড়া করে গুরুগ্রাম থেকে বুধবার সকালে সপরিবারে গ্রামে ফেরেন ওই পরিযায়ী শ্রমিকরা।

তাঁদের অভিযোগ, বাংলা ভাষায় কথা বললেই বাংলাদেশি সন্দেহে ধরে নিয়ে যেত পুলিশ। থানা থেকে ছাড়া পেতে মোটা টাকা দিতে হত পুলিশকে। তবে তা সত্ত্বেও তাঁরা পেটের টানে আবারও ফিরতে চান পুরোনো কর্মক্ষেত্রে।

তুফানগঞ্জ থানার অন্তর্গত নাককাটিগাছ, বালাভূত, দেওচড়াই গ্রাম পঞ্চায়েতের অন্তত ২০০ পরিবার এক দশকেরও বেশি সময় ধরে হরিয়ানার গুরুগ্রামে থাকেন। সেখানে টিনের ঝুপড়ি বানিয়ে পরিযায়ী শ্রমিক হিসেবে কাজ করছেন পরিবারের সদস্যরা। মহিলারা কেউ গৃহপরিচারিকা, কেউ রান্নার কাজ করেন। পুরুষরা কেউ নির্মাণ শ্রমিক, কেউ বা অন্য কাজ করেন।

বিজেপি শাসিত রাজ্যে বাঙালি শ্রমিকদের হেনস্তার অভিযোগে তোলপাড় বঙ্গের রাজনীতি। পুলিশি ধরপাকড় ও অত্যাচারের আতঙ্কে ঘরে ফিরছেন তুফানগঞ্জের শ্রমিকরা। তিনদিন আগে হরিয়ানার গুরুগ্রাম থেকে বাসভাড়া করে শ্রমিকরা নিজের গ্রামে ফিরলেন। তাঁদের চোখেমুখে এখনও আতঙ্কের ছাপ। কাজ হারানোর যন্ত্রণা। হতাশার অন্ধকার। যেন স্বদেশেই সকলে শরণার্থী।

ধাধিয়াল গ্রামের শ্রমিক মফিজুল হক বলেন, 'আমরা গুরুগ্রামে একটি বস্তিতে থাকতাম। সেখানে আমার ৩০টি ঝুপড়ি ছিল। বাঙালিদের সেই ঘর ভাড়া দিতাম। আমার স্ত্রী পরিচারিকার কাজ করত। তা দিয়ে মাসে ৪০-৫০ হাজার উপার্জন হত। দিন-দিন পুলিশি অত্যাচার বাড়ায় প্রাণ বাঁচাতে বাড়ি ফিরে এসেছি।'



গুরুগ্রাম থেকে এই বাসে করে তুফানগঞ্জে ফিরেছেন পরিযায়ী শ্রমিকরা।

অনেককে গুরুগ্রামে রাস্তা থেকে তুলে নিয়ে গিয়েছে পুলিশ বলে জানান মহম্মদ সুমন শেখ। রাজ্য সরকারের কাছে কাজের আবেদন জানিয়েছেন পরিযায়ী শ্রমিকরা।

শ্রমিকদের ঘরে ফেরা নিয়ে শাসক-বিরোধী তর্জা শুরু হয়েছে। বিজেপির জেলা সহ সভাপতি উজ্জ্বলকান্তি বসাক বলেন, 'এনআরসির নোটিশ এলেই সেই বাড়িতে কে আগে পৌঁছাবে তা নিয়ে তৃণমূল নেতাদের মধ্যে প্রতিযোগিতা চলছে। কিন্তু কাজ দেওয়ার ভয়ে ভিনরাজ্য থেকে ফিরে আসা পরিযায়ী শ্রমিকদের বাড়িতে পা পড়ছে না তৃণমূল নেতাদের। অথচ ভিনরাজ্যে বাঙালি হেনস্তার অভিযোগ তুলে প্রতিদিনই বিজেপিকে গালমন্দ করছে তৃণমূল। তৃণমূল যে শুধুমাত্র বাঙালি ইস্যুতে রাজনীতি করছে, এতেই পরিষ্কার।'

তৃণমূল নেতা তথা উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী উদয়ন গুহ বলেন, 'বিষয়টি জানলাম। অবশ্যই শ্রমিকদের খোঁজ নেওয়া হবে। বিজেপি শাসিত সব রাজ্যে বাংলাভাষীদের উপর অত্যাচার করা হচ্ছে।'




সারে জাহাঁ সে আচ্ছা। দিল্লির ইন্ডিয়া গেটে ছবিটি তুলেছেন বিশ্বদীপ মজুমদার।

পাঠকের লেন্সে
8597258697
picforubs@gmail.com

### গ্যারগেন্ডার ভাঙনে সংকটে মালঙ্গি বস্তি

# নদীতে নেমে বাঁধের দাবি

**মোস্তাক মোরশেদ হোসেন**

**বীরপাড়া, ৬ অগাস্ট :** গ্যারগেন্ডার পাড় ভেঙে নদীর গ্রাসে তলিয়ে যাচ্ছে বীরপাড়া লাগোয়া মালঙ্গি বস্তি। কয়েক বিঘা জমি ইতিমধ্যে চলে গিয়েছে নদীগর্ভে। ক্রমাগত নদীর ভাঙনে বেশ কয়েকটি পরিবার সংকটে। মহল্লার একাংশ রাঙ্গালিবাজনা এবং অন্য অংশ বীরপাড়া-২ নম্বর গ্রাম পঞ্চায়েতের অন্তর্ভুক্ত। বুধবার ভাঙনে ক্ষতিগ্রস্তরা নদীতে নেমে পাড়বাঁধ তৈরির দাবিতে স্লোগান দিতে থাকেন। তাঁরা জানান, দীর্ঘদিন ধরে আবেদন-নিবেদন করা সত্ত্বেও বোল্ডারের পাড়বাঁধ তৈরি হয়নি। ফলে বিনা বাধায় ভাঙছে নদীর পাড়।

যদিও মাদারিহাটের বিডিও অমিতকুমার চৌরাসিয়াকে এই নিয়ে প্রশ্ন করা হলে তিনি বলেন, 'বিষয়টি আমার জানা নেই। খোঁজ নিচ্ছি।' মাদারিহাট-বীরপাড়া পঞ্চায়েত সমিতির স্থানীয় সদস্য করিশ্মা লাকড়ার বক্তব্য, 'পাড়ভাঙনের প্রভাবে ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত গোটা এলাকা। পঞ্চায়েত সমিতির বিগত বোর্ডে সদস্য ছিলাম আমি। প্রায় পাঁচ বছর আগে মালঙ্গি বস্তির পাড়ভাঙন রোধে ১০০ দিনের কাজের প্রকল্পে ব্যবস্থা নেওয়ার সুপারিশ করেছিলাম। তবে লাভ হয়নি।'

গ্যারগেন্ডা নদীতে বছরের বেশিরভাগ সময় জল থাকে না। শুধু বর্ষাকালে ভুটান থেকে পাহাড়ের জল নদীখাত দিয়ে প্রবাহিত হয়। ভুটানে অল্প কিছুক্ষণ বৃষ্টি হলে প্রবল বেগে জলস্রোত বইতে থাকে গ্যারগেন্ডা দিয়ে। পাড়ের জমিতে বালির ভাগ বেশি। তাই জলস্রোতের ধাক্কায় প্রতি বছর ব্যাপক ক্ষতিগ্রস্ত হয় তীরবর্তী জমি। স্থানীয় বাসিন্দা কল্পনা রাই বলেন, 'প্রতিদিন পাড় ভেঙে এলাকার দিকে আরও এগিয়ে আসছে নদী। বোল্ডার দিয়ে পাড়বাঁধ তৈরি করা না হলে কয়েক বছর পর নিশ্চিহ্ন হয়ে যাবে গোটা মহল্লা। আমরা তো এরপর গাছতলায় এসে দাঁড়াব!' স্থানীয় আরেক বাসিন্দা সুপ্রিয়া মঙ্গর বলেন, 'আগে এত পাড় ভাঙত না। কয়েক বছরে ভাঙনের মাত্রা বেড়েছে। অথচ ভাঙন রোধে ব্যবস্থা নেওয়া হচ্ছে না।'

সম্প্রতি পাড়ভাঙনে স্থানীয় বাসিন্দা নির্মল মঙ্গরের একটি নলকূপ উপড়ে পড়েছে। পাড় ভাঙতে ভাঙতে তাঁর দোকানের কাছে এসে পৌঁছেছে গ্যারগেন্ডা। তিনি বলেন, 'আমার দোকান নদীতে হারিয়ে গেলে রুজির সংস্থান করতে পারব না।'



পাড়বাঁধের দাবিতে স্লোগান দিচ্ছেন মালঙ্গি বস্তির বাসিন্দারা। বুধবার।

স্থানীয়রা জানান, নদীভাঙনে ক্ষতিগ্রস্ত হয়েছে অনেকের বাগান। প্রচুর গাছ উপড়ে পড়েছে। বুধবার বীরপাড়া ওয়েলফেয়ার অর্গানাইজেশন নামে একটি স্বেচ্ছাসেবী সংস্থার প্রতিনিধি নাড়ু দে ভাঙনকবলিত এলাকা পরিদর্শন করেন। তিনি বলেন, 'পরিস্থিতি ভয়ংকর। নদীভাঙনের হাত থেকে মহল্লা রক্ষায় জেলা পরিষদ অথবা উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের পদক্ষেপ করা উচিত। বোল্ডার এবং তারজালি দিয়ে নদীর পাড় বাঁধানো ছাড়া ভাঙন ঠেকানো যাবে না।'

বীরপাড়া-২ নম্বর গ্রাম পঞ্চায়েতের প্রধান দীপেশ দোরজি বলেন, 'মালঙ্গি বস্তি সহ বীরপাড়া-২ নম্বর গ্রাম পঞ্চায়েতের বিরাট এলাকা নদীভাঙনে ক্ষতিগ্রস্ত। কিছুদিন আগে বিধায়ক জয়প্রকাশ টোপ্পো পরিদর্শনে এসে সেচ দপ্তরের পাড়ভাঙন রোধে পদক্ষেপের সুপারিশ করেন। আমি গ্রাম পঞ্চায়েতের তরফে এই নিয়ে জেলা শাসকের দ্বারস্থ হব।'

> প্রতিদিন পাড় ভেঙে এলাকার দিকে আরও এগিয়ে আসছে নদী। বোল্ডার দিয়ে পাড়বাঁধ তৈরি করা না হলে কয়েক বছর পর নিশ্চিহ্ন হয়ে যাবে গোটা মহল্লা। আমরা তো এরপর গাছতলায় এসে দাঁড়াব!
>
> **কল্পনা রাই** *স্থানীয় বাসিন্দা*

**ভাঙন-নামা**

- ক্রমাগত নদীর ভাঙনে বেশ কয়েকটি পরিবার সংকটে
- দীর্ঘদিন ধরে আবেদন-নিবেদন করা সত্ত্বেও বোল্ডারের পাড়বাঁধ তৈরি হয়নি
- বুধবার ভাঙনে ক্ষতিগ্রস্তরা নদীতে নেমে পাড়বাঁধ তৈরির দাবিতে স্লোগান দিতে থাকেন
- ভুটানে অল্প কিছুক্ষণ বৃষ্টি হলে প্রবল বেগে জলস্রোত বইতে থাকে গ্যারগেন্ডা দিয়ে
- কয়েক বছরে ভাঙনের মাত্রা বেড়েছে। অথচ ভাঙন রোধে ব্যবস্থা নেওয়া হচ্ছে না

## টুকরো খবর

### কাজ চাই

**কামাখ্যাগুড়ি, ৬ অগাস্ট :** পারোকাটা গ্রাম পঞ্চায়েতের কাছে ১৭ জন বাসিন্দা বুধবার ১০০ দিনের কাজের আবেদন করলেন। তাঁদের দাবি, ১০০ দিনের কাজ না থাকায় প্রতিনিয়ত তাঁরা আর্থিক সমস্যার সম্মুখীন হচ্ছেন। এবিষয়ে স্থানীয় এক বাসিন্দা উৎপল দেবনাথের বক্তব্য, 'দীর্ঘদিন থেকে ১০০ দিনের কাজ বন্ধ থাকায় অর্থনৈতিক সমস্যা তৈরি হয়েছে। তাই এদিন কাজের দাবি জানিয়েছি।'

### বৈঠক

**সোনাপুর, ৬ অগাস্ট :** আলিপুরদুয়ার-১ ব্লকের পাটকাপাড়া এলাকায় তৃণমূলের তপসিখাতা অঞ্চল কমিটির বৈঠক অনুষ্ঠিত হল বুধবার। এদিন মূলত আমাদের পাড়া, আমাদের সমাধান কর্মসূচির প্রচারের জন্য দলীয় নেতাদের সঙ্গে আলোচনা করা হয়। এছাড়াও আগামী ১৬ অগাস্ট যে ফুটবল প্রতিযোগিতা আয়োজন করা হবে, সেই নিয়েও আলোচনা করা হয়েছে। ওই অঞ্চলের সব বুথ সভাপতি এবং গ্রাম পঞ্চায়েত সদস্যরা বৈঠকে এসেছিলেন।

### হাতির হানা

**কুমারগ্রাম, ৬ অগাস্ট :** খাবারের খোঁজে একদল হাতি সংকোশ বনবস্তিতে ঢুকে মঙ্গলবার রাতে ব্যাপক তাণ্ডব চালাল। রাতের অন্ধকার ও বৃষ্টির কারণে গ্রামবাসীরা হাতি তাড়ানোর সাহস পাননি। হাতির পাল প্রায় ১০০ সুপারি গাছ ভেঙে দেয়। বনবস্তির এক বাসিন্দা বলাই এক্কা বলেন, 'হাতির আক্রমণ রুখতে ব্যর্থ বন দপ্তর। ক্ষতিপূরণও সময়মতো পাওয়া যায় না।' কুমারগ্রাম রেঞ্জ অফিস জানিয়েছে, আবেদনের ভিত্তিতে ক্ষতিপূরণ দেওয়া হবে।

### নতুন কমিটি

**হ্যামিল্টনগঞ্জ, ৬ অগাস্ট :** কালচিনি ইউনাইটেড বোড়ো ওয়েলফেয়ার অর্গানাইজেশনের নতুন কমিটি গঠন করা হল। বুধবার কালচিনি ব্লকের পূর্ব সাতালি গ্রামে সংগঠনের গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠিত হয়। সেখানেই নতুন কমিটি ঘোষণা করা হয়েছে। ১৩ সদস্যের মূল কমিটির সভাপতি হয়েছেন অরুণ ব্রহ্ম, সাধারণ সম্পাদক করন্তিও নার্জিনারি। এদিকে অসীম মণ্ডল কোষাধ্যক্ষ মনোনীত হয়েছেন।

### দাবিপত্র প্রদান

**কামাখ্যাগুড়ি, ৬ অগাস্ট :** সিপিএমের পারোকাটা এরিয়া কমিটির পক্ষ থেকে বুধবার পারোকাটা গ্রাম পঞ্চায়েত প্রধানের কাছে একাধিক দাবি নিয়ে একটি দাবিপত্র পেশ করা হল। ১০০ দিনের কাজের বকেয়া মজুরি প্রদান, বেহাল রাস্তাঘাট সংস্কার, খাসজমিতে বসবাসকারীদের পাট্টা প্রদান, বার্ধক্য ভাতা প্রদান ইত্যাদি দাবি তোলা হয়।

# দেড় কোটিতে হবে নিকাশিনালা

**সমীর দাস**

**কালচিনি, ৬ অগাস্ট :** প্রতি বছর বর্ষায় বানভাসি হতেন কালচিনির বিভিন্ন এলাকার কয়েক হাজার মানুষ। পাশাপাশি কালচিনি চা বাগানের একাধিক শ্রমিক কলোনি জলমগ্ন হয়ে পড়ত। এলাকায় নিকাশি ব্যবস্থা এতদিন ছিল না বললেই চলে। এবারে আলিপুরদুয়ার জেলা প্রশাসনের উদ্যোগে নতুন নিকাশিনালা পেতে চলেছেন কালচিনির বাসিন্দারা। বুধবার কালচিনি বাগান সংলগ্ন ডিমা চা বাগানের ১৩ নম্বর সেকশন সংলগ্ন এলাকায় বৃহৎ ওই নিকাশিনালার কাজের সূচনা করলেন আলিপুরদুয়ার জেলা পরিষদের সভাধিপতি স্নিগ্ধা শৈব। তাঁর সঙ্গে ছিলেন সেচ দপ্তরের আলিপুরদুয়ার বিভাগের এগজিকিউটিভ ইঞ্জিনিয়ার কেশবরঞ্জন রায়। সেচ দপ্তরকেই ওই কাজের দায়িত্ব দেওয়া হয়েছে। এতে কালচিনির বিস্তীর্ণ এলাকার মানুষ পরিত্রাণ পাবেন বানভাসি হওয়ার হাত থেকে।

৮৬৫ মিটার দীর্ঘ ওই নিকাশিনালা তৈরির জন্য বরাদ্দ করা হয়েছে প্রায় ১ কোটি ৫৪ লক্ষ টাকা। স্নিগ্ধা বলেন, 'এলাকাবাসীর দীর্ঘদিনের দাবি পূরণ হবে নিকাশিনালার কাজ সম্পূর্ণ হলে।' সেচ দপ্তর সূত্রে জানা গিয়েছে, আবহাওয়া ভালো থাকলে ২-৩ মাসের মধ্যে নালা তৈরির কাজ শেষ হবে।

ডিমা চা বাগানের ওপর দিয়ে সম্পূর্ণ নিকাশিনালাটি তৈরি করা হবে। জেলা প্রশাসনের আবেদনে সাড়া দিয়ে ডিমা চা বাগান কর্তৃপক্ষ নিকাশিনালা তৈরির অনুমতি দেওয়ায় বাগান কর্তৃপক্ষকে কৃতজ্ঞতা জানিয়েছেন তৃণমূলের কালচিনি ব্লক সভাপতি অসীমকুমার লামা ও সাধারণ সম্পাদক হায়দার আনসারি।

**ডিমা চা বাগান**

প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে, কালচিনি রেলস্টেশন সংলগ্ন ডিমা বাগানের ১৩ নম্বর সেকশন থেকে নিকাশিনালার কাজ শুরু হয়ে শেষ হবে গারোপাড়া গ্রাম পঞ্চায়েত এলাকায়। সেখানে পুরোনো নিকাশিনালার সঙ্গে যুক্ত হবে নতুন নিকাশিনালার আউটলেট। ডিমা বাগানের আউট ডিভিশন গাঙ্গুটিয়া বাগানের পাশ দিয়ে ওই নালা তৈরি হলেও চা গাছের কোনও ক্ষতি হবে না।

# মাঠ যেন পুকুর

**সুভাষ বর্মন**

**পলাশবাড়ি, ৬ অগাস্ট :** গত তিনদিন ধরে রাত হলেই বৃষ্টি হচ্ছে। আর তার ফলেই আলিপুরদুয়ার-১ ব্লকের পূর্ব কাঁঠালবাড়ি গ্রাম পঞ্চায়েতের মেজবিল রাসমেলার মাঠ যেন পুকুরে পরিণত হয়েছে। বৃষ্টি যতই বাড়ছে মাঠের জলস্তরও ক্রমশ বেড়ে যাচ্ছে। ওই মাঠের পাশেই শিলবাড়ি পাতলাখাওয়া বিএফপি স্কুল। জমা জলে স্কুল পড়ুয়াদের মাঠে খেলতে বেশ অসুবিধা হচ্ছে। এদিকে এলাকার রূপম সরকার, সুদীপ শীলের মতো তরুণরাও কয়েকদিন ধরে ফুটবল খেলতে পারছেন না বলে মন খারাপ। স্থানীয়দের দাবি, রাস্তার পাশে আগে একটি পুরোনো নালা ছিল। এতদিন সেই নালা দিয়েই মাঠের জল গিরিয়া নদীতে বয়ে যেত। কিন্তু মহাসড়কের কাজের জন্য নালাটি এখন অবরুদ্ধ। যদিও এনিয়ে এনএইচএআই-এর সাইট ইনচার্জ বিজয় গুপ্তর কথায়, 'মেজবিলের পূর্ব ও পশ্চিমদিকে কালভার্ট তৈরি করা হয়েছে। সেই কালভার্ট পর্যন্ত জল কাটিয়ে নিয়ে যাওয়ার ব্যবস্থাও করা হবে।'

মাঠের পাশের বিএফপি স্কুলের প্রধান শিক্ষক নারায়ণ সরকার এবিষয়ে বলেন, 'মাঠে জল জমে থাকায় স্কুলের পড়ুয়ারা খেলতে পারছে না। তাদের কার্যত নজরবন্দি করে রাখতে হচ্ছে। শীঘ্রই জল বের করে দেওয়ার ব্যবস্থা করা হলে ভালো হত।' মাঠের পাশেই ফুলেশ্বর বর্মনের বাড়ি। তাঁর বক্তব্য, 'মহাসড়কের কারণেই আমাদের এলাকার এই পরিস্থিতি। জমা জল অনেক সময় বাড়িতেও ঢুকে যাচ্ছে। মাঠ দিয়ে হাঁটা যাচ্ছে না। খেলাধুলোও বন্ধ।'

**মেজবিল**

## বৃষ্টি ও অন্ধকারকে হাতিয়ার, বিপাকে বনকর্মীরা



তাসাটি্টর বাসা লাইনে একটি পাকা ঘরের দেওয়াল ভেঙে দিয়েছে হাতির পাল। -সংবাদচিত্র

# তাসাটি্ট, মাদারিহাটে গজরাজদের হামলা

**জটেশ্বর ও রাঙ্গালিবাজনা, ৬ অগাস্ট :** জঙ্গলে আশ্রয় নেওয়া হাতির পালের হানায় বেশ কিছুদিন বন্ধ ছিল দলগাঁও গ্রাম পঞ্চায়েতের তাসাটি্ট চা বাগান। বৃষ্টির সুযোগে ফের তাসাটি্টর দুই মহল্লায় হাজির হল বুনো দাঁতাল সহ মাকনা হাতির পাল। গভীর রাতে হাতির হানায় এলাকায় শোরগোল পড়ে যায়। বেশ কিছুক্ষণ তাণ্ডব চালানোর পর স্থানীয় মানুষ আগুন জ্বালিয়ে একত্রিত হয়ে হইহুল্লোড় শুরু করলে এলাকা ছেড়ে জঙ্গলে চলে যায় হাতির পালটি।

জানা গিয়েছে, এক দাঁতাল ও দুই মাকনা হাতির দল সন্ধে নাগাদ দলগাঁও জঙ্গল থেকে বেরিয়ে আসে। জঙ্গল লাগোয়া এলাকায় ঘোরাঘুরি করার পর সান্তাল লাইনে হাজির হয়। সেখানে শ্রীল সান্তাল ও মানিক সান্তালের বাড়িতে ভাঙচুর চালায়। তারপর বাসা লাইনের তিলক ভূমিজ ও রাজেন মাহালির বাড়িতে ভাঙচুর চালায়।

তাসাটি্টর বাসিন্দা আনন্দ মাহালি বলেন, 'বেশ কিছুদিন বাগানে হাতির আক্রমণ বন্ধ ছিল। এখন আবার শুরু হয়েছে।' আরেক স্থানীয় জলসু পান্না বলেন, 'বৃষ্টির দিনে হাতির আক্রমণে আমরা নাজেহাল হয়ে পড়েছি।'

যদিও দলগাঁওয়ের রেঞ্জ অফিসার ধনঞ্জয় রায় বলেন, 'বনকর্মীরা নজরদারি চালাচ্ছেন। বিষয়টি খোঁজ নিয়ে দেখা হবে।'

> ওই ঘরে আমার ছেলে দীপায়ন এবং তার স্ত্রী ছিল। হাতিটি প্রথমে চালের বস্তা বের করে সুপারি বাগানে নিয়ে গিয়ে খায়। ১০ মিনিট পর ভাঙা জানলা দিয়ে ফের ঘরে শুঁড় ঢুকিয়ে দেয়। অল্পের জন্য প্রাণে বেঁচে যায় আমার ছেলে ও বৌমা।
>
> **প্রভাস রায়** *স্থানীয় বাসিন্দা*

অন্যদিকে, মাদারিহাটের ছেকামারি, পশ্চিম খয়েরবাড়ি এবং ইসলামাবাদের বেশ কয়েকটি গ্রামও হাতির হানায় অতিষ্ঠ। প্রায় প্রতি রাতে হানা দিয়ে বাড়িঘর ভাঙচুর করে, ফসলের খেত নষ্ট করছে দলছুট এক দাঁতাল। মঙ্গলবার রাত তিনটে নাগাদ হাতিটি মধ্য ছেকামারি গ্রামে হানা দিয়ে স্থানীয় বাসিন্দা প্রভাস রায়ের ঘরের জানলা ভেঙে, শুঁড়ে করে একটি চালের বস্তা বের করে নেয়। প্রভাস বলেন, 'ওই ঘরে আমার ছেলে দীপায়ন এবং তার স্ত্রী ছিল। হাতিটি প্রথমে চালের বস্তা বার করে সুপারি বাগানে নিয়ে গিয়ে খায়। ১০ মিনিট পর ভাঙা জানলা দিয়ে ফের ঘরে শুঁড়ে ঢুকিয়ে দেয়। অল্পের জন্য প্রাণে বেঁচে যায় আমার ছেলে ও বৌমা।'

মধ্য ছেকামারি চৌপথিতে শান্ত পান্নার দোকান ভেঙে বিস্কুট সাবাড় করেছে হাতি। শান্ত বলেন, 'হাতি আজকাল বিস্কুটও খাচ্ছে! দোকানের যাবতীয় সামগ্রী লন্ডভন্ড করেছে।' স্থানীয় বাসিন্দা এবং রাঙ্গালিবাজনা মোহন সিং হাইস্কুলের প্রধান শিক্ষক অমল রায় বলেন, 'দলছুট দাঁতালটি এলাকায় ত্রাসের সঞ্চার করেছে। রাতে বাড়ি থেকে বের হওয়ায় ঝুঁকি থাকছে।'

গ্রাম ঘেঁষে খয়েরবাড়ি ফরেস্ট। বন দপ্তরের মাদারিহাট রেঞ্জ সূত্রে জানানো হয়েছে, হাতির হানা ঠেকাতে টহল দেওয়া হচ্ছে। ক্ষতিগ্রস্তদের আর্থিক ক্ষতিপূরণও দেওয়া হচ্ছে।

# ৭ হাতির তাণ্ডবে ভাঙল ঘর

**সুভাষ বর্মন**

**ফালাকাটা ও শালকুমারহাট, ৬ অগাস্ট :** কয়েকদিন ধরে রাতে বৃষ্টি হচ্ছে। আর এই বৃষ্টিই যেন 'ভিলেন' হয়ে দাঁড়িয়েছে। অভিযোগ, জলদাপাড়া বনাঞ্চল লাগোয়া গ্রামগুলিতে বৃষ্টি হলেই বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ছে। তখন রাতের অন্ধকারে জঙ্গলের সীমানায় নজরদারি চালাতেও হিমসিম খেতে হয় বনকর্মীদের। এই 'ফাঁক' গলে প্রায় রোজ রাতে লোকালয়ে হানা দিচ্ছে হাতির দল। মঙ্গলবার রাতেও সেই নিয়মের ব্যতিক্রম হয়নি।

মঙ্গলবার ফালাকাটার কুঞ্জনগর গ্রামে সাতটি হাতির দল তাণ্ডব চালায়। ভাঙে চারজনের ঘর, অনেকের ধান এবং সবজিখেত তছনছ হয়। কুঞ্জনগরের প্রমীলা সরকার মঙ্গলবার মেয়ের বাড়িতে গিয়েছিলেন। সেই রাতেই তাঁর বাড়িতে হাতির দল হামলা চালায়। শোয়ার ঘর ভেঙে হাঁড়িতে থাকা চাল সাবাড় করে। প্রমীলা বললেন, 'ভাগ্যিস মেয়ের বাড়িতে ছিলাম। তা না হলে হাতি যেভাবে আমার ঘর ভেঙেছে, তাতে বড় বিপদ হয়ে যেত।' একইভাবে গোপাল বিশ্বাসের বাড়িতেও হামলা চালায় হাতিগুলি। রাতে ঘর থেকে কোনওরকমে বেরিয়ে প্রাণে বাঁচেন গোপাল। এছাড়া হুসেন মিয়াঁ, জয়দীপ সিনহার ঘরের বেড়াও ভেঙেছে হাতি। কয়েকদিন আগেই আমন ধান রোপণ করেন চাষিরা। স্থানীয় সুধীর বর্মন ও নরেন বর্মনের আমন ধানখেত মাড়িয়ে নষ্ট করে হাতির দল। নরেনের ঝিঙাখেতও ক্ষতিগ্রস্ত হয়। নরেনের কথায়, 'রাতে যখন বৃষ্টি হয় তখন বিদ্যুৎও থাকে না। এমন অন্ধকার পরিস্থিতিতে বনকর্মীদের যেমন সমস্যায় পড়তে হচ্ছে, তেমনি আমরাও আগাম হাতির উপস্থিতি বুঝতে পারছি না।'

**সুযোগের সদ্ব্যবহার**

- বৃষ্টি হলেই বিচ্ছিন্ন হয়ে যায় এলাকার বিদ্যুৎ সংযোগ
- অন্ধকারে হাতির গতিবিধির ওপর নজর রাখতে সমস্যায় পড়ছেন বনকর্মীরা
- এই 'সুযোগ'-টাই লুফে নিয়ে হাতির দল হানা দিচ্ছে বনাঞ্চল সংলগ্ন গ্রামগুলিতে

একই রাতে অন্ধকারের সুযোগে আলিপুরদুয়ার-১ ব্লকের শালকুমারহাটের সুরিপাড়া গ্রামেও হানা দিয়েছিল একটি হাতি। কুঞ্জনগরের বিট অফিসার সনৎ শূর বুধবার সকালে ক্ষতিগ্রস্ত বাড়িগুলি পরিদর্শন করেন।

# একরাতের বর্ষণে ভাঙল রাস্তা, দুর্ভোগ

**জয়গাঁ, ৬ অগাস্ট :** দেড় মাস আগে ভেঙেছিল রাস্তার একপাশ। গাড়ি, মোটরবাইক নিয়ে চলাচল না করা গেলেও হেঁটে অন্য পাশ দিয়ে যাতায়াত চলছিল। তবে গতকাল রাতের বৃষ্টিতে দলসিংপাড়া গোপাল বাহাদুর বস্তি সংলগ্ন রাস্তাটি ভেঙে পড়ে। ফলে সংকটে পড়েছে এলাকার বাসিন্দারা। রাস্তাটি ভেঙে এশিয়ান হাইওয়ের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন এলাকার। স্থানীয় বাসিন্দা ঠুলু রাইয়ের কথায়, 'আমাদের কথা ভাবার লোক নেই। এটাই যদি জয়গাঁ শহরের কোনও এলাকায় হত, তাহলে তৎক্ষণাৎ কাজ হত। গ্রামীণ প্রত্যন্ত এলাকা বলে আমাদের সমস্যা এড়িয়ে যাওয়া হয়।'

এই পরিস্থিতি যাতে না হয় সেজন্য অনেক আগেই গ্রাম উন্নয়ন দপ্তরকে রাস্তার ধারের প্রায় ১০০ মিটার বাঁধ তৈরির আর্জি জানিয়েছিলেন বলে দাবি জয়গাঁ উন্নয়ন পর্ষদের চেয়ারম্যান গঙ্গাপ্রসাদ শর্মার। তাঁর কথায়, 'গ্রাম পঞ্চায়েত দপ্তরের সড়কের ধারে ১০০ মিটার বাঁধ তৈরির আর্জি জানানো হয়েছিল। তবে তারা সেটাকে গুরুত্ব দেয়নি। আর যার কারণে রাতভরের বৃষ্টিতে রাস্তাটি ধসে গিয়েছে। এরপরও আমরা লিখিতভাবে রাস্তা তৈরির আর্জি জানিয়েছি।'

মে মাসের শেষের দিকে বৃষ্টিতে ভেঙেছিল গোপাল বাহাদুর বস্তির প্রায় ৫০ মিটারের কাছাকাছি রাস্তার একাংশ। তা মেরামত না হওয়ায় বাকি অংশ ধসে গিয়েছে বলে দাবি বাসিন্দাদের। ফলে সেই রাস্তা দিয়ে বন্ধ যান চলাচল। প্রায় চার কিলোমিটার ঘুরপথে চলছে যাতায়াত। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, জয়গাঁ উন্নয়ন পর্ষদে গিয়ে এই রাস্তার বিষয়ে জানানো হয়েছিল। বিষয়টি দেখা হবে বলে জানিয়েছিলেন চেয়ারম্যান। কিন্তু অবহেলায় পড়ে থাকল রাস্তা মেরামতের কাজ।

বর্তমানে বন্ধ সেই রাস্তা দিয়ে যান চলাচল। জরুরি অবস্থায় দমকল ও অ্যাম্বুল্যান্সের মতো পরিষেবা নিয়ে চিন্তায় রয়েছেন গ্রামবাসীরা। স্থানীয় বাসিন্দা মন বাহাদুর সুব্বা জানালেন, এই সড়কের পাশেই রয়েছে চা বাগানের নর্দমা। সেখানে কোনও বাঁধ না থাকায় বৃষ্টিতে প্রবল স্রোতে জল নর্দমা দিয়ে যায়। সেই জলে সড়কের নীচের মাটি সরে গিয়েছে।

এ বিষয়ে এলাকায় পঞ্চায়েত সদস্য মোতিলাল ছেত্রী বলেন, 'জয়গাঁ উন্নয়ন পর্ষদ মারফত জরুরি কাজের জন্য একাধিক দপ্তরে প্রস্তাব পাঠানো হয়েছে। সেখান থেকে দ্রুত কাজ শুরুর আশ্বাস দিলেও এখনও তা শুরু হয়নি।'



দলসিংপাড়া গোপাল বাহাদুর বস্তি সংলগ্ন রাস্তায় ভাঙন।

> গ্রাম পঞ্চায়েত দপ্তরের সড়কের ধারে ১০০ মিটার বাঁধ তৈরির আর্জি জানানো হয়েছিল। তবে তারা সেটাকে গুরুত্ব দেয়নি। আর যার কারণে রাতভর বৃষ্টিতে রাস্তাটি ধসে গিয়েছে। এরপরও আমরা লিখিতভাবে রাস্তা তৈরির আর্জি জানিয়েছি।
>
> **গঙ্গাপ্রসাদ শর্মা** *চেয়ারম্যান, জয়গাঁ উন্নয়ন পর্ষদ*

# শকুন কেন উপকারী, বুঝলেন ছাত্রীরা

**ভাস্কর শর্মা**

**আলিপুরদুয়ার, ৬ অগাস্ট :** লুপ্ত হতে বসা শকুন সংরক্ষণ করে ইতিমধ্যেই নজির গড়েছে রাজাভাতখাওয়া। তবে এখানেই থেমে থাকতে রাজি নয় বন দপ্তর। সংরক্ষণ নিয়ে আরও কাজ করার পাশাপাশি ভবিষ্যতের কথা ভেবে নাগরিকদের মধ্যে শকুন নিয়ে সচেতনতা বাড়াতে উদ্যোগী হয়েছে। এই লক্ষ্যেই বুধবার আলিপুরদুয়ার মহিলা মহাবিদ্যালয়ে শকুন সংরক্ষণ নিয়ে এক সচেতনতা শিবিরের আয়োজন করা হল। সেখানে উপস্থিত ছিলেন শকুন নিয়ে কাজ করা রাজাভাতখাওয়ার বিজ্ঞানী থেকে শুরু করে কলেজের ছাত্রীরাও। এদিন সচেতনতার পাশাপাশি ছাত্রীদের নিয়ে শকুন সংরক্ষণের উপর কুইজ প্রতিযোগিতার আয়োজনও করা হয়।

আলিপুরদুয়ার মহিলা মহাবিদ্যালয়ের অধ্যক্ষ অমিতাভ রায় বলেন, 'লুপ্তপ্রায় শকুন সংরক্ষণকেন্দ্র আমাদের আলিপুরদুয়ারেই আছে। কী করে শকুন সংরক্ষণ করা হচ্ছে, পরিবেশে এদের গুরুত্বই বা কী, তা বর্তমান অনেক ছাত্রীই জানে না। তাই শকুন নিয়ে ছাত্রীদের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য শিবিরের আয়োজন করি।'

এদিন কলেজের এনএসএস ইউনিট এবং রাজাভাতখাওয়া শকুন সংরক্ষণ ও প্রজননকেন্দ্রের উদ্যোগে সচেতনতা শিবিরের আয়োজন করা হয়। শকুন সংরক্ষণকেন্দ্রের পক্ষে সৌম্যসুন্দর চক্রবর্তী এবং রৌনক ঘোষ উপস্থিত ছিলেন। তাঁরাই মূলত প্রোজেক্টরের মাধ্যমে শকুন নিয়ে সচেতনতা গড়ে তোলেন। কীভাবে তাঁরা শকুন সংরক্ষণ করে তার প্রজনন করাচ্ছেন সে বিষয়ে আলোচনা করেন। কলেজের এনএসএস'র প্রোগ্রাম কোঅর্ডিনেটর জয়দীপ শীল বলেন, 'শকুন নিয়ে এই প্রথম ছাত্রীদের মধ্যে একটা ধারণা জন্মাল। আমরা ছাত্রীদের পঠনপাঠনের পাশাপাশি নানা বিষয়ে তাঁদের সচেতন করার চেষ্টা করছি।'

বক্সা বন দপ্তর সূত্রে জানা গিয়েছে, রাজাভাতখাওয়ার শকুন সংরক্ষণকেন্দ্রে প্রত্যেক বছর শকুন প্রায় ২০টি ডিম দেয়। এর মধ্যে শেষপর্যন্ত ১৬-১৭টি বাচ্চা হয়। কিছু ডিম নষ্ট হয়। প্রজননকেন্দ্র থেকে ইতিমধ্যে ৩১টি শকুনকে খোলা আকাশে ছাড়া হয়েছে। বিশেষজ্ঞরা জানিয়েছেন, শীতকালে মূলত শকুন ডিম থেকে বাচ্চা ফুটিয়ে থাকে। গবাদিপশুদের চিকিৎসার ক্ষেত্রে ডাইক্লোফিনাক নামে এক ধরনের ওষুধ ব্যবহার করা হত। তাদের মৃত্যুর পর, শকুন যখন গবাদিপশুর মাংস খেত, তখন সেই ওষুধ তাদের দেহেও প্রবেশ করত। সেই ডাইক্লোফিনাকের প্রভাবেই শকুন লুপ্ত হতে বসেছিল।

> লুপ্তপ্রায় শকুন সংরক্ষণকেন্দ্র আমাদের আলিপুরদুয়ারেই আছে। কী করে শকুন সংরক্ষণ করা হচ্ছে, পরিবেশে এদের গুরুত্বই বা কী, তা বর্তমান অনেক ছাত্রীই জানে না। আমরা তাই শকুন নিয়ে ছাত্রীদের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য শিবিরের আয়োজন করি।
>
> **অমিতাভ রায়** *অধ্যক্ষ, আলিপুরদুয়ার মহিলা মহাবিদ্যালয়*





আলিপুরদুয়ার মহিলা মহাবিদ্যালয়ে অনুষ্ঠিত শিবির। বুধবার।



কোর্ট সংলগ্ন এলাকার আবাসনের সামনে আবর্জনার স্তূপ। - আয়ুষ্মান চক্রবর্তী

## নয়া আবাসিকরাও বালতি পাবেন

# নির্দিষ্ট পাত্রে আবাসনের বর্জ্য

**দামিনী সাহা**

**আলিপুরদুয়ার, ৬ অগাস্ট :** কলকাতা বা শিলিগুড়ির মতো শয়ে-শয়ে না হলেও আলিপুরদুয়ার শহরে আবাসনের সংখ্যা খুব একটা কম নয়। আর দিনকে দিন সেই সংখ্যা বাড়ছেই। শহরের আবাসনগুলির বর্জ্য সংগ্রহ করা নিয়ে একটা সমস্যা দীর্ঘদিন ধরেই ছিল। এবার সেই সমস্যা সমাধানের পথে হাঁটল আলিপুরদুয়ার পুরসভা। প্রত্যেকটি আবাসনের সামনে আবর্জনা ফেলার চাকা লাগানো বড় পাত্র বসানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আবাসনের বাসিন্দারা সেখানে আবর্জনা ফেলবেন। আর পুরসভার সাফাইকর্মীরা সেখান থেকে আবর্জনা সংগ্রহ করে নিয়ে যাবেন।

আবাসনগুলির আশপাশে আবর্জনার স্তূপ ও তা থেকে দুর্গন্ধ ছড়ানো নিয়ে দীর্ঘদিন ধরেই অভিযোগ করে আসছিলেন প্রতিবেশীরা। কারও মতে, দায় আবাসনের বাসিন্দাদের। কেউ বা বলতেন, পুরসভার নজর নেই। বুধবার এক গুরুত্বপূর্ণ বৈঠকে সেই সমস্যা নিয়ে আলোচনা করে পুর কর্তৃপক্ষ। এদিনের বৈঠকে শহরের বিভিন্ন আবাসনের প্রতিনিধিরাও উপস্থিত ছিলেন। তবে শহরে কুড়িটির বেশি আবাসন থাকলেও এদিন উপস্থিত ছিলেন প্রায় বারোটি আবাসনের প্রতিনিধি। পুরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ করের নেতৃত্বে এই বৈঠকে অংশ নেন বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলার এবং পুরসভার ওয়েস্ট ম্যানেজমেন্ট বিভাগের আধিকারিকরা। বৈঠকের পর চেয়ারম্যান বলেন, 'আবর্জনার ব্যবস্থাপনা নিয়ে আলোচনা হয়েছে। আশা করি, এরপর থেকে আবাসনের আবর্জনা নিয়ে সমস্যা কমবে।'

আলিপুরদুয়ারে বিভিন্ন আবাসন সংলগ্ন রাস্তাঘাট ও ড্রেনের ধারে আবর্জনার স্তূপ দেখা যায়। স্থানীয় বাসিন্দারা অভিযোগ করে বলেন, আবাসনের বাসিন্দারাই যেখানে-সেখানে ময়লা ফেলে যান। আবার আবাসনের বাসিন্দাদের অভিযোগ, তাঁদের সুবিধামতো আবর্জনা ফেলার পরিকাঠামোর অভাব রয়েছে। এদিনের বৈঠকে উঠে আসে একাধিক সমস্যার কথা। অনেক আবাসনের সামনেই নির্দিষ্ট আবর্জনা ফেলার জায়গা নেই। কোথাও পচনশীল ও অপচনশীল বর্জ্য আলাদা করে রাখার উপযুক্ত ব্যবস্থা নেই। আবার কোথাও নতুন আবাসিকরা বর্জ্য পৃথকীকরণের জন্য প্রয়োজনীয় বালতি পাচ্ছেন না।

এই সমস্যাগুলির সুরাহা করতেই পুরসভার পক্ষ থেকে দুটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া হয়। ঠিক করা হয়েছে, প্রত্যেকটি আবাসনের সামনেই আবর্জনা ফেলার জন্য থাকবে দুটি করে চাকা লাগানো বড় পাত্র। একটি পচনশীল, অন্যটি অপচনশীল আবর্জনার জন্য। নির্ধারিত সময়ে পুরসভার গাড়ি এসে সেই ট্রলি থেকে আবর্জনা সংগ্রহ করবে।

আর, নতুন বাসিন্দাদের কথা ভেবে নেওয়া হয়েছে বিশেষ ব্যবস্থা। যেহেতু আবাসনগুলিতে মাঝেমধ্যেই নতুন আবাসিক আসেন এবং অনেকে অন্যত্র চলে যান, সেক্ষেত্রে আবাসন কর্তৃপক্ষের কোনও প্রতিনিধিকে নতুন বাসিন্দা সম্পর্কে তথ্য পুরসভায় জানাতে বলা হয়েছে। তথ্য পেলে পুরসভার পক্ষ থেকে নির্মল বন্ধুদের মাধ্যমে নতুন আবাসিকদের কাছে পচনশীল ও অপচনশীল বর্জ্য রাখার বালতি পৌঁছে যাবে। আর যাঁরা আবাসন ছেড়ে যাবেন, তাঁদের সেই বালতিগুলি ফেরত দেওয়া বাধ্যতামূলক।

**কী কী সিদ্ধান্ত**

- আবাসনগুলির আশপাশে আবর্জনার স্তূপ নিয়ে অভিযোগ ছিলই
- এবার প্রত্যেকটি আবাসনের সামনে আবর্জনা ফেলার চাকা লাগানো বড় পাত্র বসানো হবে
- আবাসনের বাসিন্দারা সেখানে আবর্জনা ফেলবেন
- আর পুরসভার সাফাইকর্মীরা সেখান থেকে আবর্জনা সংগ্রহ করবেন

এই পদক্ষেপে সন্তুষ্ট আবাসনের প্রতিনিধিরা। এমনই এক প্রতিনিধি দীপা শা বলেন, 'আগে আমরা নিজেরাই বুঝতাম না কোথায় কীভাবে আবর্জনা ফেলতে হবে। এখন পরিষ্কার নির্দেশ পাওয়ায় আমরা সচেতন হতে পারব।' আরেক প্রতিনিধি সুব্রত চক্রবর্তীর মন্তব্য, 'পুরসভার এই উদ্যোগ আমাদের মধ্যেও দায়িত্ববোধও তৈরি করবে।'

আলিপুরদুয়ার পুরসভার পক্ষ থেকে জানানো হয়েছে, আবর্জনা সংক্রান্ত সমস্যা এড়াতে আগামীদিনে শহরের হোটেল ও রেস্তোরাঁগুলির সঙ্গেও আলাদা করে বৈঠক করা হবে। কারণ, আবর্জনা সৃষ্টির বড় উৎস এসব খাবারের দোকান। সেখানেও আবর্জনা বাছাই, নিষ্পত্তি ও সংগ্রহের বিষয়ে নতুন নির্দেশিকা জারি করা হবে বলে জানানো হয়েছে।

# ফালাকাটায় গ্রেপ্তার ৪ চোর

**ভাস্কর শর্মা**

**ফালাকাটা, ৬ অগাস্ট :** ফালাকাটা শহরের এক শিক্ষকের ভাড়াবাড়ি থেকে চুরির ঘটনা ঘটেছিল। সেই ঘটনায় জড়িত ৪ জনকে গ্রেপ্তার করল পুলিশ। সেইসঙ্গে ধৃতদের কাছ থেকে খোয়া যাওয়া কয়েক লক্ষ টাকার গয়নাও বাজেয়াপ্ত করা হয়েছে। মঙ্গলবার রাতে অভিযুক্তদের গ্রেপ্তার করা হয়।

গত জুন মাসে ওই চুরির পরেই থানায় অভিযোগ দায়ের করেছিলেন সেই শিক্ষক অনুপম বর্মন। তদন্তে নেমে বড়সড়ো সাফল্য পেল ফালাকাটা থানার পুলিশ। দুষ্কৃতীদের একটি দলকে পাকড়াও করার পাশাপাশি ৭৬.১৭ গ্রাম সোনা এবং ৮৬০.২১ গ্রাম রুপোর অলংকার উদ্ধার করা হয়েছে।

বুধবার ধৃতদের আদালতে তোলা হয়েছে। ফালাকাটা থানার আইসি অভিষেক ভট্টাচার্য বলেন, 'আমরা অভিযুক্তদের আদালতে তুলে পুলিশি হেপাজত চেয়েছি। গোটা ঘটনার আরও তদন্ত করে দেখা হবে।' ফালাকাটা থানা সূত্রে খবর, চুরির ঘটনায় প্রথমে মাথাভাঙ্গা থেকে অখিল সাহা নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করে পুলিশ। পরে তাঁকে জিজ্ঞাসাবাদ করেই বাকি আরও ৩ জনের খোঁজ পায়। ফালাকাটা থানার এএসআই তাপস রায়ের নেতৃত্বে বাকিদের গ্রেপ্তার করতে বিভিন্ন জায়গায় অভিযান করা হয়। এতেই মেলে সাফল্য। পরপর ধরা পড়েন বাকিরা। বীরপাড়া থেকে ধরা পড়েন পাপ্পুকুমার সাহানি। সেইসঙ্গে ফালাকাটার নরসিংহপুর এলাকার পাপন রায় এবং বীরপাড়ার আকাশ শা ধরা পড়েন। পুলিশ জানিয়েছে, বীরপাড়া থেকেই চুরি যাওয়া সোনা ও রুপোর অলংকার উদ্ধার করা হয়েছে। সেই গয়নার আনুমানিক বাজারমূল্য প্রায় ১২ লক্ষ টাকা বলে পুলিশ জানিয়েছে।

ফালাকাটার দুলালদোকান এলাকায় ভাড়াবাড়িতে থাকেন শিক্ষক অনুপম বর্মন। তাঁর স্ত্রী স্বাস্থ্যকর্মী। দুজনেই চাকরি করতে বেরিয়ে পড়েন প্রতিদিন। আর ভাড়াটিয়ারাও কর্মসূত্রে রোজ বাড়ির বাইরে যান। এই সুযোগেই ১৮ জুন শিক্ষকের ঘরে চুরির ঘটনা ঘটে। স্কুল থেকে বাড়ি ফিরে তিনি বিষয়টি জানতে পারেন। পরে পুলিশের কাছে অভিযোগ দায়ের করেন ওই শিক্ষক। সেই চুরির কিনারা করায় ফালাকাটার পুলিশের সক্রিয়তায় খুশি ফালাকাটার নাগরিকরা।

# গান গাইলেন এসডিও, বিডিও

**ফালাকাটা, ৬ অগাস্ট :** সংগীতশিল্পী কিশোরকুমারের জন্মদিন উপলক্ষ্যে অনুষ্ঠানের আয়োজন করা হল বুধবার ফালাকাটা কমিউনিটি হলে। শিবা মিউজিক্যাল গ্রুপের উদ্যোগে শ্রদ্ধাঞ্জলি-৯৭ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান শিল্পী ছিলেন শ্রীরাধা বন্দ্যোপাধ্যায়। এছাড়াও কলকাতা, শিলিগুড়ির শিল্পীরা সংগীত পরিবেশন করেন। সংগীত পরিবেশন করেন আলিপুরদুয়ারের এসডিও দেবব্রত রায়, ফালাকাটার বিডিও অনীক রায়। শিবা মিউজিক্যাল গ্রুপের প্রতিষ্ঠাতা প্রবাল সাহা রায় বলেন, 'আমরা বেশ কয়েক বছর ধরেই কিশোরকুমারের শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানের আয়োজন করছি। এদিন তাঁকে গানে গানে শিল্পীরা শ্রদ্ধা নিবেদন করেন।'



# গণেশকে বলো...

## রণথম্বরে যাবে ভক্তদের সমস্যার 'চিঠি'

বিশ্বাসে মিলায় বস্তু, তর্কে বহুদূর- আপ্তবাক্যটি একজন আস্তিক বা মানুষের পক্ষে কতটা গুরুত্বপূর্ণ তার প্রমাণ পাওয়া যাবে আলিপুরদুয়ারের ব্যবসায়ী সমিতি আয়োজিত গণেশপুজোয়। সেখানে এবার রাখা হবে গণপতির ডাকঘর। আর সেই ডাকঘরে নিজের মনস্কামনা লিখে জমা দিতে পারবেন ভক্তরা। পুজো শেষে সেই সমস্ত চিঠি পাঠানো হবে রাজস্থানের রণথম্বরের বিখ্যাত গণেশ মন্দিরে। সেখানকার পুরোহিতদের মাধ্যমে ওই চিঠিগুলি নিয়ে পূজার্চনা ও প্রার্থনা করা হবে। আজকের উত্তরবঙ্গ সংবাদের প্রতিবেদনে তারই খোঁজ নিলেন **দামিনী সাহা**

**আলিপুরদুয়ার, ৬ অগাস্ট :** চলতি মাসের শেষে গণেশপুজো। দেশজুড়ে সাড়ম্বরে পূজিত হবেন গণপতি বাপ্পা। গণপতির আরাধনায় মাতোয়ারা হবেন ভক্তরা। এই আবহে আলিপুরদুয়ার টাউন ব্যবসায়ী সমিতি গজাননের ভক্তদের জন্য একটি নয়া উদ্যোগ নিয়েছে। আর সেই নয়া উদ্যোগটি হল- 'আপনার সমস্যা রণথম্বরে পাঠান, সমাধান খুঁজে নিন গণপতি বাপ্পার কাছে!' শুনতে খানিকটা বিজ্ঞাপনের মতো হলেও, এবার সেই ভাবনাই বাস্তবে রূপ পাচ্ছে। 'দিদিকে বলো' কিংবা 'আমার পাড়া, আমার সমাধান'-এর আদলে তৈরি হয়েছে এক অভিনব কর্মসূচি। যার মাধ্যমে সাধারণ মানুষের মনের ইচ্ছেগুলি পৌঁছে যাবে সরাসরি রাজস্থানের রণথম্বরের গণেশ মন্দিরে। সেখানে হবে বিশেষ পূজার্চনা ও প্রার্থনা।

বুধবার খুঁটিপুজোর মাধ্যমে সূচনা হয়েছে সমিতির ১৫তম গণেশ চতুর্থী উদযাপনের। আর এবারের আয়োজন যে শুধুই ধর্মীয় আনুষ্ঠানিকতাই নয়, তা স্পষ্ট করলেন সমিতির সম্পাদক প্রসেনজিৎ দে। তাঁর কথায়, 'আমরা চাই পুজো শুধু প্রতিমা দর্শনের মধ্যে সীমাবদ্ধ না থেকে মানুষের মনের ভাব প্রকাশের মাধ্যম হয়ে উঠুক। তাই পুজোমণ্ডপে থাকবে একটি বিশেষ ড্রপবক্স। যেখানে দর্শনার্থীরা নিজের মনস্কামনা বা সমস্যা একটি কাগজে লিখে খামে ভরে ফেলতে পারবেন। পুজো শেষে সেই সমস্ত চিঠি পাঠানো হবে রাজস্থানের রণথম্বরের বিখ্যাত গণেশ মন্দিরে। সেখানকার পুরোহিতদের মাধ্যমে ওই চিঠিগুলি নিয়ে পূজার্চনা ও প্রার্থনা করা হবে। এটি একদিকে ভক্তির প্রকাশ, অন্যদিকে মানসিক প্রশান্তির একটি আত্মিক প্রয়াস।'

এই ভাবনা থেকেই জন্ম নিয়েছে 'গণপতি ডাকঘর'। একটি ব্যতিক্রমী উদ্যোগ, যা ধর্মীয় বিশ্বাস, আত্মিক আস্থা এবং নাগরিক ভাবনার মিশ্রণে তৈরি হয়েছে। বহু ভক্ত গণেশ ঠাকুরকে 'দুঃখের নাশক এবং সুখ-সমৃদ্ধির দাতা' রূপে আরাধনা করেন। আলিপুরদুয়ারের সাধারণ মানুষ আজ নানা সমস্যায় জর্জরিত। সেই অপ্রকাশিত কষ্ট আর ব্যক্তিগত প্রার্থনাগুলি যেন পৌঁছে যায় গণপতি বাপ্পার দরবারে সেই ভাবনাই এই কর্মসূচির মূল অনুপ্রেরণা বলে জানিয়েছেন উদ্যোক্তারা।

তবে শুধু এই অভিনব ভাবনা নয়। এবার আয়োজনের দিক থেকেও নজর কাড়বে টাউন ব্যবসায়ী সমিতির পুজো। প্রায় ১০ লক্ষ টাকার বাজেটে নির্মিত হচ্ছে পুজোমণ্ডপ। থাকছে ১২ ফুট উচ্চতার গণেশ প্রতিমা।

বিশেষ আকর্ষণ হিসেবে থাকবে 'পঞ্চকুণ্ড হোমযজ্ঞ'। যেখানে পৌরোহিত্য করবেন শহরের বিশিষ্ট পুরোহিতরা। এছাড়াও ১০০০ কেজি ঘিয়ের বোঁদে ও লাড্ডুর ভোগ নিবেদন করা হবে গণেশ ঠাকুরকে। ভক্তদের জন্য থাকছে দেড় হাজার কেজি চাল ও ডালের খিচুড়ি, যা তিনদিন ধরে বিতরণ করা হবে।

তবে এখানেই থেমে নেই আয়োজন। প্রতি বছরের মতো এবারও থাকবে 'ভজন সন্ধ্যা', যেখানে আমন্ত্রিত শিল্পীরা পরিবেশন করবেন ভক্তিমূলক সংগীত। চলবে মঙ্গল আরতি ও প্রতিদিনের সাংস্কৃতিক অনুষ্ঠান। সেসবের প্রস্তুতি ইতিমধ্যেই জোরকদমে চলছে।

আলিপুরদুয়ার টাউন ব্যবসায়ী সমিতির এক সদস্য সন্দীপ বর্মা বলেন, 'এই পুজো শুধুমাত্র ধর্মীয় অনুষ্ঠান নয়, বরং মানুষের মনের কথাগুলোকে গণপতির কাছে পৌঁছে দেওয়ার এক সেতুবন্ধন। আমরা চাই এই পুজোমণ্ডপ হয়ে উঠুক বিশ্বাস ও আশার কেন্দ্রবিন্দু।'

রণথম্বরের পথে রওনা দিচ্ছে আপনার চিঠি। এই প্রয়াস এবার আলিপুরদুয়ারে পুজোর আকাশে যুক্ত হল আস্থা, অনুভব আর আশার এক অনন্য সংযোগরেখা হিসেবে। এখন শুধু অপেক্ষা, গণপতি বাপ্পা কবে ডাক শুনে আপনার মনস্কামনা পূর্ণ করেন!



**আয়োজনে চমক**

- প্রায় ১০ লক্ষ টাকার বাজেটে নির্মিত হচ্ছে পুজোমণ্ডপ, বিশাল ১২ ফুট উচ্চতার গণেশ প্রতিমা
- বিশেষ আকর্ষণ হিসেবে থাকবে 'পঞ্চকুণ্ড হোমযজ্ঞ', যেখানে পৌরোহিত্য করবেন শহরের বিশিষ্ট পুরোহিতরা
- ১০০০ কেজি ঘিয়ের বোঁদে ও লাড্ডুর ভোগ নিবেদন করা হবে গণেশ ঠাকুরকে
- ভক্তদের জন্য থাকছে দেড় হাজার কেজি চাল ও ডালের খিচুড়ি, যা তিনদিন ধরে বিতরণ করা হবে



# দাঁতের এক্স-রে মেশিন বসবে

**অভিজিৎ ঘোষ**

**আলিপুরদুয়ার, ৬ অগাস্ট :** আলিপুরদুয়ার জেলা হাসপাতালে কয়েকদিনের মধ্যেই দাঁতের নতুন এক্স-রে মেশিন বসবে। এক্স-রে মেশিন বসলে বর্তমানে দাঁতের এক্স-রে করতে যে খরচ হয় রোগীদের সেটা অনেকটা কমবে। রোগীদের স্বস্তি বাড়বে। জেলা হাসপাতালে ওই দাঁতের এক্স-রে মেশিন বসানোর দাবি ছিল দীর্ঘদিনের। সেই দাবি মেনে জেলা স্বাস্থ্য দপ্তরের তরফে রাজ্য স্বাস্থ্য দপ্তরের কাছে চিঠি দেওয়া হয়েছিল। জেলা হাসপাতালের এই দাবিতে সম্মতি দিয়েছে রাজ্য স্বাস্থ্য দপ্তর।

এদিন এবিষয়ে জেলা হাসপাতালের সুপার পরিতোষ মণ্ডলের বক্তব্য, 'এতদিন ধরে দাঁতের এক্স-রে না থাকার জন্য বেশি টাকা দিয়ে রোগীদের বাইরে থেকে ওই এক্স-রে করাতে হত। এখন আর টাকা লাগবে না। খুব শীঘ্রই নতুন এক্স-রে মেশিন বসতে চলেছে হাসপাতালে।'

জেলা হাসপাতাল সূত্রে খবর, দাঁতের এক্স-রে মেশিনটি হাসপাতালের এক্স-রে ইউনিটে নয়, দন্তবিভাগের আউটডোরে লাগানো হবে। সেখান থেকে পরিষেবা পাবেন রোগীরা। হাসপাতালে এই পরিষেবা না থাকায় হাসপাতালের বাইরে কয়েকটি ল্যাবে দাঁতের এক্স-রে করা হত। ৩০০-১০০০ টাকা খরচ হত ওই এক্স-রে করতে। অন্যদিকে, অনেক সময় ঝোপ বুঝে কোপও দেন অনেক ব্যবসায়ী। টাকা খরচ করে রোগীদের আর বাইরে থেকে এক্স-রে করাতে হবে না এই খবর শুনে খুশি জেলা হাসপাতালে আসা রোগীরাও। এদিন দমনপুর থেকে আসা নীলম ওরাওঁ নামে এক তরুণী বলেন, 'আমার মায়ের দাঁতের এক্স-রে করিয়ে আনলাম বাইরে থেকে। ৭০০ টাকা লাগল। হাসপাতালে এই পরিষেবা থাকলে তো এই টাকা খরচ হত না। নতুন পরিষেবা শুরু হলে তো ভালোই হবে।' একইরকম সুবিধা হবে বলে বক্তব্য ঘরঘরিয়া এলাকার বাসিন্দা ময়ূখ বর্মনেরও।

তবে হাসপাতালের দন্ত বিভাগে যেমন এক্স-রে পরিষেবা চালু করা হচ্ছে, তেমনি রুট ক্যানাল ট্রিটমেন্টের মতো পরিষেবা বেশি করে দেওয়া উচিত বলেও দাবি অনেক রোগীর। কেননা দাঁতের সমস্যায় এই চিকিৎসা প্রয়োজন। বাইরে এই চিকিৎসা করাতে গেলে ৪-৮ হাজার টাকা খরচ হয়। হাসপাতালে এই পরিষেবা সঠিকভাবে পাওয়া যায় না বলে অভিযোগ। যদিও হাসপাতাল কর্তৃপক্ষের দাবি, এই সমস্যার দিকেও নজর দেওয়া হবে।




আলিপুরদুয়ার জেলা হাসপাতাল। ফাইল চিত্র

**আশার আলো**

- হাসপাতালে দাঁতের এক্স-রে মেশিন পরিষেবা না থাকায় বাইরে কয়েকটি ল্যাবে তা করাতেন রোগীরা
- আর সেখানে এক্স-রে করতে পড়ে ৩০০-১০০০ টাকা, অনেক সময় ঝোপ বুঝে কোপও দেন অনেক ব্যবসায়ী
- হাসপাতালে মেশিন বসলে টাকা খরচ করে রোগীদের আর বাইরে থেকে এক্স-রে করাতে হবে না
- জেলা হাসপাতালে দাঁতের এক্স-রে মেশিন বসার খবর শুনে খুশি রোগীরা

কয়েকদিন আগেই জেলা হাসপাতাল থেকে জানানো হয়েছিল হাসপাতালে নতুন ডিজিটাল এক্স-রে মেশিন ও নতুন সিটি স্ক্যান মেশিন বসতে চলেছে। সেই কাজের টেন্ডার হয়ে গিয়েছে। আবার দাঁতের এক্স-রে মেশিন আসার খবর যেন হাসপাতালের পরিষেবা আরও এক ধাপ এগিয়ে দিল।

# জয়গাঁয় এসএসবি'র ডিজি

**জয়গাঁ, ৬ অগাস্ট :** একদিনের সফরে জয়গাঁ এসেছিলেন সুরক্ষা সীমা বলের ডিজি অমৃতমোহন প্রসাদ। এদিন তাঁর আগমনের আগে থেকে কড়া নিরাপত্তায় ঘিরে ফেলা হয় ভারত-ভুটান সীমান্ত জয়গাঁ শহরকে। এসএসবি জওয়ানরা ভুটানগেটগুলিতে যেমন উপস্থিত ছিলেন, তেমনই ডিজি'র আগমনের আগে তাঁরা রুটমার্চও করেন। ভুটানগেটের পেডেস্ট্রিয়ান টার্মিনালের সামনে আনা হয়েছিল এসএসবি'র স্নিফার ডগ টিমকে। অমৃত সবার প্রথম আসেন জয়গাঁ ভুটান গেটের সামনে। সেখান থেকে তিনি পেডেস্ট্রিয়ান টার্মিনালে যান। তিনি নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখেন। জয়গাঁ বৌবাজার ভুটানগেটের সামনে গিয়ে তিনি দেখেন সেখানে পণ্যবাহী গাড়িগুলিকে ঠিকমতো ছাড়া হচ্ছে কি না। তারপর তিনি চাইনিজ লাইনের ভুটানগেটে নিরাপত্তা ব্যবস্থা দেখেন। এরপর তিনি ফুন্টশোলিং গিয়ে সেখানকার ইমিগ্রেশন বিভাগের কর্মীদের সঙ্গে সৌজন্য বিনিময় করেন। তবে তিনি তাঁর এই সফরের বিষয়ে কিছু বলতে চাননি।


uttarbangasambad.com



অন্তর্জালে মাত্র

এক ~~মাইল~~ মেইল দূরে আমরা

যে কোনও বিষয়ে লেখা পাঠাতে কিংবা পরামর্শের জন্য ই-মেইল করুন

যে কোনও জরুরি প্রয়োজনে হোয়াটসঅ্যাপে জুড়তে পারেন

9735739677

রংদার রোববারে লেখা পাঠাতে ubsrobbar@gmail.com

জনমতে চিঠি দিতে janamat.ubs@gmail.com

উত্তর সম্পাদকীয়তে লিখতে ubsedit@gmail.com

সাংস্কৃতিক অনুষ্ঠানের আমন্ত্রণ জানাতে uttorerlekha@gmail.com

চিত্রে চিত্রায়ত প্রতিযোগিতায় অংশ নিতে photocontestubs@gmail.com

উত্তরের তারকাদের হদিস দিতে taraderkathaubs@gmail.com

নন্দিনীর পাতায় রেসিপি কিংবা টিপস শেয়ার করতে nandiniuttarbanga@gmail.com

চিকিৎসা কিংবা গবেষণা সংক্রান্ত লেখা পাঠাতে health.uttarbanga@gmail.com

পড়াশোনার টিপস কিংবা শিক্ষামূলক লেখা লিখতে porasona.ubs@gmail.com

চাষবাস সম্পর্কিত তথ্য কিংবা ছাদবাগান নিয়ে জানাতে krishi.ubs@gmail.com

পাঠকের লেন্সে ছবি পাঠাতে picforubs@gmail.com

ক্যাম্পাস বিভাগে স্কুল-কলেজের খবর জানাতে ubscampus2@gmail.com

শিশু-কিশোর বিভাগে গল্প-কবিতা-ছবি দিতে ubssishukishor@gmail.com

সরাসরি সম্পাদক editor.uttarbanga@gmail.com

উত্তরবঙ্গের আত্মার আত্মীয় উত্তরবঙ্গ সংবাদ

